

স্মারক নং: ৩৮.১০৭.০৩৩.০০.০১.০২৮.২০১৫- ০১ (৫৭২)

তারিখ: ২০ পৌষ ১৪২২
০৩ জানুয়ারি ২০১৬

বিষয়ঃ প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৫ এর ফলাফল পুনঃনিরীক্ষা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৫ এর ফলাফল ইতোমধ্যে প্রকাশিত হয়েছে। প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলির ২৭ নং অনুচ্ছেদে পুনঃনিরীক্ষা বিষয়ে নিম্নরূপ নির্দেশনা রয়েছে:

“২৭.১ কোন অভিভাবক পরীক্ষার নম্বরপত্র প্রাপ্তির ১৫ দিনের মধ্যে উত্তরপত্র পুনঃনিরীক্ষার যৌক্তিকতা প্রদর্শন করে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ মাদরাসা প্রধানের মাধ্যমে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বরাবর আবেদন করলে উত্তরপত্র পুনঃনিরীক্ষার নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে:

- (১) জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার সভাপতিত্বে পিটিআই ইন্সট্রাক্টর (সুপার কর্তৃক মনোনীত) ও সংশ্লিষ্ট বিষয়ের প্রধান পরীক্ষক এর সমন্বয়ে গঠিত কমিটি উত্তরপত্র পুনঃনিরীক্ষা করবে;
- (২) উত্তরপত্র পুনঃনিরীক্ষা করা যাবে, তবে উত্তরপত্র মূল্যায়ন/পুনঃমূল্যায়ন করা যাবে না;
- (৩) পুনঃনিরীক্ষার ফলাফল আবেদনকারীকে যথাসময়ে অবহিত করতে হবে;
- (৪) উত্তরপত্র পুনঃনিরীক্ষার পর সংশোধনী উপজেলা ও অধিদপ্তরে বাহক মারফত প্রেরণ করতে হবে;

২৭.২ আবেদনের সংগে পুনঃনিরীক্ষার ফি-বাবদ সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার অনুকূলে প্রতি বিষয়ের জন্য ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা দিতে হবে;

২৭.৩ প্রাপ্ত অর্থ সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসের ব্যাংক হিসাবে জমা করতে হবে। প্রাপ্ত অর্থ পুনঃনিরীক্ষণ কমিটির সভাপতি ও সদস্যগণের সম্মানী, সাপোর্ট স্টাফের পারিশ্রমিক এবং আনুষঙ্গিক কাজের জন্য ব্যয় করা যাবে;


২৭.৪ ব্যয় বিবরণী অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

২৭.৫ নম্বরপত্র প্রাপ্তির ১৫ (পনের) দিন পর পুনঃনিরীক্ষার আবেদন গ্রহণযোগ্য হবে না।

২৭.৬ জিপিএ ৫ বা A+ প্রাপ্ত পরীক্ষার্থীদের উত্তরপত্র পুনঃনিরীক্ষার সুযোগ থাকবে না।”

২। প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৫ এর কর্মপরিকল্পনার ৮৩নং কার্য অনুসারে উল্লিখিত নির্দেশনা মোতাবেক পুনঃনিরীক্ষার পর ফলাফল প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনপূর্বক ২১ জানুয়ারি ২০১৬ তারিখের মধ্যে অধিদপ্তরে প্রেরণের নির্দেশনা রয়েছে।

৩। এমতাবস্থায়, আগামি ২১ জানুয়ারি ২০১৬ তারিখের মধ্যে প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৫ এর উত্তরপত্র পুনঃনিরীক্ষার ফলাফল বাহক মারফত অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরার জন্য অনুরোধ করা হলো।


০৩/০১/২০১৬

শামস্ উদ্দিন আহমদ
পরিচালক (প্রশাসন)
ফোনঃ ০২-৫৫০৭৪৮২৯

ই-মেইলঃ diradmindpe@gmail.com

বিতরণঃ

১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
জেলা.....।

২। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)

উপজেলা.....জেলা.....।

অনুলিপি:

১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।

২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী/বরিশাল/খুলনা/চট্টগ্রাম/সিলেট/রংপুর বিভাগ।

৩। অফিস কপি।